

## ঈশ্বর তোমার প্রার্থনা শোনে।



ঈশ্বর সম্পর্কে এই বিষয়গুলি শেখ-  
ঈশ্বরের আর এক নাম 'সদাপ্রভু'।  
কেউ কেউ নিজেদের দেবতা তৈরী করে।  
সদাপ্রভুই হলেন একমাত্র সত্যময় ঈশ্বর।  
তিনি চান যেন আমরা তার কাছে প্রার্থনা করি।



বাইবেল থেকে এই অংশটি  
জোরে পাঁচবার পড়।

আমাদের ঈশ্বর প্রভু একই ঈশ্বর; আর তুমি  
তোমার সমস্ত মন প্রাণ ও শক্তি দিয়ে তোমার  
ঈশ্বর প্রভুকে প্রেম করবে।  
দ্বিতীয় বিবরণ ৬ : ৪-৫

এটা কি করতে পার ?

সঠিক উত্তরের নীচে দাগ দাও।

১। ঈশ্বর কি চান-তুমি কার কাছে তোমার প্রার্থনা করবে?  
মানুষের তৈরী দেবতাদের কাছে না ঈশ্বর প্রভুর কাছে?

২। ঈশ্বরের প্রতি তোমার অন্তর কেমন হওয়া উচিত?  
তাকে ভালবাস/তাকে ভয় কর/তাকে ভুলে যাও/

৩। ঈশ্বরের আর এক নাম কি?

..... প্রভু/অজানা একজন/প্রধান শিক্ষক/

## সঠিক উত্তর

১। ঈশ্বর প্রভু ২। তাকে ভালবাস ৩। প্রভু

কেউ কেউ নিজেদের দেবতা তৈরী করে।

নীচের বিন্দু ● হতে ● বিন্দু পর্যন্ত শব্দগুলির নীচে লম্বা দাগ দাও।

জল প্লাবনের পর নোহের ছেলেদের অনেক ছেলেমেয়ে, নাতিপুতি ও তাদেরও নাতিপুতি হল;  
(অর্থাৎ) পৃথিবীতে আবার অনেক লোক হয়ে গেল।



নোহ ও তার ছেলেরা লোকদের কাছে ঈশ্বরের কথা বললেন।

● কিন্তু তারা নোহের মত ঈশ্বরকে ভালবাসল না। ●

● তারা সবকিছু নিজেদের ইচ্ছামত করতে চাইলো। ●

তারা না চাইলো পিতামাতার কথা শুনতে, না চাইলো তাদের পূর্বপুরুষদের ঈশ্বরের কথা শুনতে।



নিমরোদ নামে একজন লোক নিজেকে রাজা বলে ঘোষণা করলো। লোকদের বললো যেন তারা তাকে মানে, ঈশ্বরকে নয়। ● নিমরোদ লোকদেরকে ঈশ্বরের পথ থেকে দূরে নিয়ে গেল ● ● সে লোকদের শিখালো চন্দ্র, সূর্যকে নিজেদের উপাস্য হিসাবে তৈরী করে তার কাছে প্রার্থনা করতে। ●

লোকেরা ইট তৈরী করলো যেন সে নগরে উঁচু উঁচু দালান নির্মাণ করতে পারে।

ঈশ্বর দেখলেন লোকেরা কি করছে।

তিনি জানতেন যে তারা ভুল করছে।

● কিছু সময়ের জন্য তিনি লোকদেরকে নিজ ইচ্ছামত চলতে দিলেন। ●

● পরে তিনি তাদের বাধা দিলেন। ●

তিনি আর প্লাবন আনলেন না।

তিনি এক অবস্থা তৈরী করলেন

যাতে লোকেরা বিভিন্ন

ভাষায় কথা বলে।

লোকেরা পরস্পর কথা বলতে পারতো না।

তারা একে অন্যের কথা বুঝতো না। তারা

একসঙ্গে কাজ করতে পারতো না ফলে তারা

দালান নির্মাণের কাজ বাদ দিল। তারা সেই

জায়গার নাম রাখল বাবিল যার

অর্থ 'ভেদ'।

লোকেরা বাবিল রাজ্য এবং নিমরোদকে ছেড়ে  
চলে গেল। তারা যে যেদিকে পারলো চলে  
গেল। তারা নিজেদের নগর তৈরী করলো।

● (আস্তে আস্তে) তারা সত্যময় ঈশ্বরের  
কথা ভুলে গেল। ●

● লোকেরা যেখানেই গেল  
সেখানেই তারা নিজেদের  
দেবতা নির্মাণ করলো। ●

ছোট বড়, কাঠের পাথরের,  
সোনা রূপার দেবতা বানালো।

● সেই দেবতাদের কাছে তারা তাদের  
প্রার্থনা উৎসর্গ করলো। ●

# ঈশ্বর

সদাপ্রভুই একমাত্র সত্যময় ঈশ্বর  
লোকেরা যে দেবতা তৈরী করেছিল তারা তাদের  
কথা শুনতে পারত না। তাদের সংগে কথাও বলতে  
পারত না। সত্যময় ঈশ্বর সদাপ্রভুর মত তারা  
লোকদের ভালবাসতে পারত না,  
তারা প্রকৃত ও সত্য ঈশ্বর ছিল না।



- সদাপ্রভুই হলেন একমাত্র সত্যময় ঈশ্বর।
- তিনি মানুষের কথা শোনেন, তাদের দেখেন  
ও তাদের সংগে কথা বলেন। লোকেরা সেই  
সত্যময় ঈশ্বরকে ভুলে গিয়েছিল।  
কিন্তু ঈশ্বর তাদের ভোলেননি। তিনি এখনও  
তাদের ভালবাসেন ও সাহায্য করেন।

ঈশ্বর তোমার প্রার্থনা শোনেন।

একমাত্র সত্য সেই ঈশ্বরকে তুমি দেখতে পাও না কিন্তু তিনি ঠিকই  
তোমার সংগে সংগে আছেন। সেই সত্যময় ঈশ্বরের সংগে যখন তুমি  
কথা বল তখন তিনি তোমার কথা শোনেন। তিনি চান যেন তুমি তার  
সংগে কথা বল। তিনি তোমাকে ভালবাসেন এবং তোমাকে সাহায্য  
করতে চান। তোমার যা যা দরকার তার কাছে চাও।

- তিনি তোমার প্রার্থনা শুনে তার উত্তর দেবেন। ●

এই প্রার্থনাটি শেখ—

প্রিয়তম প্রভু, তুমি আমাকে দেখছ, ভালবেসেছ ও আমার  
প্রার্থনা শুনছো, কারণ তুমিই প্রকৃত ঈশ্বর; সব সময় তুমি  
আমার কাছে আছো। আমি কেবল তোমার কাছেই  
প্রার্থনা করবো। কিন্তু অন্য দেবতার কাছে না যারা আমাকে  
ভালবাসে না, দেখেও না ও আমার প্রার্থনা শোনে না।



এবারে নবম পাঠের ছাত্র রেকর্ডটি পূরণ কর।